

া সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩০৭৬

২৪/ হজের নিয়ম পদ্ধতি (کتاب مناسك الحج)

পরিচ্ছেদঃ ২২৬. যে স্থান থেকে জামরাতুল আকাবায় কংকর নিক্ষেপ করা হয়

بَابِ الْمَكَانِ الَّذِي تُرْمَى مِنْهُ جَمْرَةُ الْعَقَبَةِ

আরবী

أَخْبَرَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ أَنْبَأَنَا ابْنُ أَبِي زَائِدَةَ قَالَ حَدَّثَنَا الْأَعْمَشُ سَمِعْتُ الْحَجَّاجَ يَقُولُ لَا تَقُولُوا سُورَةَ الْبَقَرَةِ قُولُوا السُّورَةَ الَّتِي يُذْكَرُ فِيهَا الْبَقَرَةُ فَذَكَرْتُ ذَلِكَ لِإِبْرَاهِيمَ فَقَالَ أَخْبَرَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ يَزِيدَ أَنَّهُ كَانَ مَعَ عَبْدِ اللَّهِ حِينَ رَمَى جَمْرَةَ الْعَقَبَةِ فَقَالَ أَخْبَرَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ يَزِيدَ أَنَّهُ كَانَ مَعَ عَبْدِ اللَّهِ حِينَ رَمَى جَمْرَةَ الْعَقَبَةِ فَقَالَ أَخْبَرَنِي عَبْدُ الوَادِي وَاسْتَعْرَضَهَا يَعْنِي الْجَمْرَةَ فَرَمَاهَا بِسَبْعِ حَصَيَاتٍ وَكَبَّرَ مَعَ كُلِّ فَاسْتَبْطَنَ الْوَادِي وَاسْتَعْرَضَهَا يَعْنِي الْجَمْرَةَ فَرَمَاهَا بِسَبْعِ حَصَيَاتٍ وَكَبَّرَ مَعَ كُلِّ حَصَيَاتٍ وَكَبَّرَ مَعَ كُلِّ حَصَاةٍ فَقُلْتُ إِنَّ أُناسًا يَصِعْعَدُونَ الْجَبَلَ فَقَالَ هَا هُنَا وَالَّذِي لَا إِلَهَ غَيْرُهُ رَأَيْتُ الَّذِي كَا إِلَهَ غَيْرُهُ رَأَيْتُ الَّذِي عَلَيْهِ سُورَةُ الْبَقَرَةِ رَمَى

বাংলা

৩০৭৬. ইয়াকূব ইন ইবরাহীম (রহঃ) ... আ'মাশ (রহঃ) বর্ণনা করেন, আমি হাজ্জাজকে বলতে শুনেছি যে, তোমরা সূরা বাকারা বলবে না বরং তোমরা বলবে, এই সে সূরা যাতে বাকারা বা গাভীর উল্লেখ রয়েছে। আমি ইবরাহীমের নিকট একথা উল্লেখ করলে তিনি বলেনঃ আবদুর রহমান ইবন ইয়াযীদ (রহঃ) আমার নিকট বর্ণনা করেছেন যে, তিনি আবদুল্লাহ্ (রাঃ)-এর সঙ্গে ছিলেন, যখন তিনি জামরায়ে আকাবায় কংকর নিক্ষেপ করেন। তিনি বাতনে ওয়াদীতে প্রবেশ করে তা অর্থাৎ জামরার সামনে দাঁড়ান। এরপর সেখান থেকে সাতটি কংকর নিক্ষেপ করেন। আর তিনি প্রত্যেক কংকর নিক্ষেপের সাথে তাকবীর বলেন। আমি বললাম, লোকেরা পাহাড়ে আরোহণ করে। তিনি বলেনঃ যে আল্লাহ ব্যতীত অন্য কোন ইলাহ নেই তার শপথ! যার উপর সূরা বাকারা নাযিল হয়েছে, আমি তাকে এখান থেকেই নিক্ষেপ করতে দেখেছি।

English

Al-A 'mash said:

"I head Al-Hajjaj say: 'Do not say Surat Al-Baqarah, say: 'The Surah in which the cow (Al-Baqarah) is mentioned."' I mentioned that to Ibrahim, and he said: "Abdur-Rahman bi Yazdi told me, that he was with 'Abdullah when he



stoned Jamratul 'Aqabah. He went down the middle of the valley, stood opposite it - meaning the Jamrah - and throew seven pebbiles at it, saying the Takbir with each pebble. I said; "Some people climbed the mountain." He said: "Here - by the One beside Whom there is no other God - is the place where the one to whom Surat Al-Baqarah was revelated stoned."

ফুটনোট

তাহক্বীকঃ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আ'মাশ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন